# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**18-04-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটের আগে নজরদারিতে প্রযুক্তির ব্যবহার সহ একাধিক নতুন ব্যবস্থা চালু করছে নির্বাচন কমিশন।

এই নির্বাচনে মাইক্রো অবজার্ভারদের সঙ্গে থাকবে বডি ক্যামেরা।

২) ভোট প্রক্রিয়াকে স্বচ্ছ ও নিয়ন্ত্রিত রাখতে ১-শো মিটার এলাকা চিহ্নিত করে তৈরি হচ্ছে লক্ষ্মণ গন্ডী।

পোস্টাল ব্যালটে ভোটগ্রহণের ক্ষেত্রে পরিকল্পনা আরও জোরদার করার নির্দেশ কমিশনের।

৩) পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট গ্রহণের আর মাত্র পাঁচ দিন বাকি। সব রাজনৈতিক দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয় এখন মিটিং-মিছিলে ব্যস্ত।

বরিষ্ঠ বিজেপি নেতা **প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী, **আগামীকাল** ফের ভোট প্রচারে রাজ্যে আসছেন।

৪) পশ্চিম ও উত্তর-পশ্চিমী শুষ্ক বায়ুপ্রবাহ এবং প্রখর রোদের কারণে আগামী ৫-৬ দিন দক্ষিণবঙ্গের জেলাগুলিতে গরম ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটের আগে নজরদারিতে প্রযুক্তির ব্যবহার আরও বাড়াল নির্বাচন কমিশন। ভোট প্রক্রিয়াকে স্বচ্ছ ও নিয়ন্ত্রিত রাখতে একাধিক নতুন ব্যবস্থা চালু করা হচ্ছে বলে কমিশন সূত্রে খবর।

বিধানসভা নির্বাচনে মাইক্রো অবজার্ভারদের সঙ্গে থাকবে বডি ক্যামেরা। পাশাপাশি কেন্দ্রীয় বাহিনী এবং রাজ্য পুলিশের সদস্যদের সঙ্গেও এই ক্যামেরা রাখা হবে, যাতে প্রতিটি মুহূর্তের গতিবিধি রেকর্ড করা যায়। কোনও অভিযোগ বা বিতর্ক তৈরি হলে সেই ফুটেজ খতিয়ে দেখা যাবে বলে জানিয়েছে কমিশন।

এছাড়া, সংশ্লিষ্ট বিধানসভা এলাকার সমস্ত সরকারি সিসিটিভি ক্যামেরার নিয়ন্ত্রণও নিজেদের হাতে নিচ্ছে কমিশন। কোথাও কোনও সন্দেহজনক গতিবিধি নজরে এলেই দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

এবারের ভোটে সবচেয়ে তাৎপর্যপূর্ণ পদক্ষেপ হিসেবে বুথের চারপাশে তৈরি করা হচ্ছে ‘লক্ষ্মণগণ্ডি’। সাদা চক দিয়ে বুথকে ঘিরে ১০০ মিটার এলাকা চিহ্নিত করা হবে। এই নির্দিষ্ট সীমার মধ্যে শুধুমাত্র ভোটারদেরই প্রবেশের অনুমতি থাকবে।

এই ব্যবস্থায় বহুস্তরীয় যাচাইয়েরও পরিকল্পনা রয়েছে। লক্ষ্মণগণ্ডির বাইরে থাকবেন বিএলও ও এক জন সরকারি আধিকারিক, যাঁরা প্রথমে নথি যাচাই করবেন। এরপর নির্দিষ্ট সীমানার ভিতরে আরও দু’টি ধাপে ভোটারদের পরিচয়পত্র পরীক্ষা করা হবে।

oooooooooooooooooooooo

পোস্টাল ব্যালটে ভোটদান নিয়ে বিভিন্ন জেলা থেকে একাধিক অভিযোগের জেরে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর এবিষয়ে কঠোর নির্দেশিকা জারি করেছে। ভোটকর্মীদের অভিযোগ, বহু ক্ষেত্রে পর্যাপ্ত পরিকাঠামোর অভাবে সবাই পোস্টাল ব্যালটে ভোট দিতে পারছেন না। সেই পরিস্থিতি মোকাবিলায় জেলা প্রশাসনকে দ্রুত পদক্ষেপ করতে বলা হয়েছে । সমস্ত জেলা নির্বাচন আধিকারিকদের স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে পোস্টাল ব্যালট ভোটগ্রহণের ক্ষেত্রে পরিকল্পনা আরও জোরদার করতে হবে। পি

মাইনাস ৩ অর্থাৎ ভোটগ্রহণের তিনদিন দিন আগে থেকে পি মাইনাস ১ অর্থাৎ এক দিন আগে পর্যন্ত ফ্যাসিলিটেশন সেন্টার এবং ডিস্ট্রিবিউশন সেন্টার, দুই জায়গাতেই ভোট দেওয়ার ব্যবস্থা রাখতে বলা হয়েছে।

একই সঙ্গে নির্বাচন কমিশনের নির্ধারিত সমস্ত প্রোটোকল কঠোরভাবে মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে। ভোটগ্রহণ থেকে শুরু করে ব্যালট সংরক্ষণ— প্রতিটি ধাপে যাতে কোনও ত্রুটি না থাকে, সে দিকেও বিশেষ নজর দিতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আগামী ২৩ শে এপ্রিল রাজ্যে প্রথম দফায় ১৫২ টি বিধানসভা কেন্দ্রে নির্বাচনে যে ১ হাজার ৪৭৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন তার মধ্যে ১৪ জন প্রার্থী নিরক্ষর। ওয়েস্ট বেঙ্গল ইলেকশন ওয়াচ এর দেওয়া তথ্য অনুযায়ী প্রার্থীরা নির্বাচন কমিশনে যে হলফনামা জমা দিয়েছেন তার মধ্যে ২৯ জন নিজের নাম স্বাক্ষর করতে পারেন। পাশাপাশি পঞ্চম শ্রেণী উত্তীর্ণ প্রার্থী হয়েছেন ৩২ জন। অষ্টম শ্রেণী পাশ করে প্রার্থী হয়েছেন ১৮০ জন। ডক্টরেট প্রার্থীর সংখ্যা কুড়ি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অশান্তি ও রক্তপাতহীন নির্বাচন করতে তৎপর মুর্শিদাবাদ জেলা প্রশাসন। ভোটে গণ্ডগোল সৃষ্টি করতে পারে  এমন

প্রায় ১২ হাজার মানুষকে চিহ্নিত করে আদালতের মাধ্যমে মুচলেকা নেওয়া হয়েছে । সেই সঙ্গে ১৭০০ জন অশান্তি সৃষ্টিকারীকেও

চিহ্নিত করে পদক্ষেপ নিয়েছে  পুলিশ। এপর্যন্ত মুর্শিদাবাদ পুলিশ জেলায় ৭৯৬২ জন ও জঙ্গীপুর পুলিশ  জেলায় ৩ হাজার ৯৪২ জনকে আইনের আওতায় আনা হয়েছে। এর পাশাপাশি মুর্শিদাবাদ পুলিশ জেলায় ১২৮০ জন , ও জঙ্গীপুর পুলিশ জেলায় ৪৫২ জন অশান্তি সৃষ্টিকারীকে চিহ্নিত করেছে পুলিশ।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৬ শে এপ্রিল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৩-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।
হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট গ্রহণের আর মাত্র পাঁচ দিন বাকি। প্রথম দফার নির্বাচনে ভোট নেওয়া হবে আগামী ২৩শে এপ্রিল। নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার আরো জোরদার হয়ে উঠছে।
বরিষ্ঠ বিজেপি নেতা **প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী**, দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে **আগামীকাল** ফের রাজ্যে আসছেন। বাঁকুড়ার বিষ্ণুপুর, পুরুলিয়া, ঝাড়গ্রাম ও মেদিনীপুরে তাঁর একাধিক জনসভা করার কথা রয়েছে।

এদিকে, প্রথম দফা ভোটের আগে শেষ শনিবার আজ উত্তরবঙ্গে জনসভা করছেন, **বিজেপি** নেতা, অসমের **মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা**। কালিম্পং-এর গরুবাথান, কোচবিহারের দিনহাটা ও সিতাই-এ তিনি দলীয়প্রার্থীদের সমর্থনে প্রচার করবেন। বিজেপির রাজ্য সভাপতি **সুকান্ত মজুমদার,** ময়ুরেশ্বর, দুবরাজপুর, সাঁইথিয়া, ও দুর্গাপুর পশ্চিম বিধানসভা কেন্দ্রে আজ প্রচারে যোগ দিচ্ছেন।

উত্তর ২৪ পরগনার কামারহাটিতে বিজেপি প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দিয়েছেন, মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব। তিনি এলাকার কুটীর শিল্পের সঙ্গে যুক্ত কারিগরদের সঙ্গে কথা বলেন।

**ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী** ঝাড়খন্ড মুক্তি মোর্চার নেতা **হেমন্ত সোরেন,** বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম ও পশ্চিম মেদিনীপুরে **তৃণমূল কংগ্রেসের** প্রার্থীদের হয়ে প্রচার করবেন। তৃণমূল কংগ্রেস প্রধান **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জি আজ হাওড়ার উলুবেরিয়া, দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর, ভাঙ্গড় ও সোনারপুরে জনসভায় বক্তব্য রাখবেন। এছাড়া, হাওড়ার উত্তর ও মধ্য কেন্দ্রের প্রার্থীর সমর্থনে এক পদযাত্রাতেও অংশ নেবেন তিনি। তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, মুর্শিদাবাদে রোড শো-এ অংশ নিয়েছেন। পূর্বর্ধমানের জামালপুর বিধানসভার দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার করছেন।

এদিকে, তেলেঙ্গানার মন্ত্রী, প্রাক্তন ক্রিকেট অধিনায়ক **মহম্মদ আজারউদ্দিন** মুর্শিদাবাদের বহরমপুর, বেলডাঙ্গা, রাণীনগর, ভরতপুর ও মালদার সুজাপুরে কংগ্রেস প্রার্থীদের হয়ে রোড শো ও প্রচার কর্মসূচীতে অংশ নিয়েচ্ছেন। কংগ্রেস নেতা **অধীর রঞ্জন** চৌধুরী'ও কান্দি, ভগবানগোলা, হাজিনগর ও বহরমপুরে জনসভা করছেন।

CPIM রাজ্য সম্পাদক **মহম্মদ সেলিম** মালদায় এবং বিকাশরঞ্জন ভট্টাচার্য সহ দলের অন্য নেতা কর্মীরা বিভিন্ন জায়গায় পথসভা ও মিটিং মিছিলে সামিল হবেন।

oooooooooooooooooooooo

খড়্গপুর আইআইটির নেহেরু হলের নীচে ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র গুজরাটের আমেদাবাদের বাসিন্দা জয়বীর সিং দোড়িয়ার রক্তাক্ত দেহ উদ্ধার হলে চাঞ্চল্য ছড়ায়। নিরাপত্তা রক্ষীরা আবাসনের নীচে ওই ছাত্রটিকে পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয়। তাঁকে হাসপাতাল নিয়ে গেলে চিকিৎসকরা মৃত ঘোষনা করেন। পুলিশের অনুমান আটতলা থেকে পড়ে গিয়ে ওই ছাত্রের মৃত্যু হয়েছে। দেহ ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাঁকুড়ার ইন্দপুর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের স্বাস্থ্য কর্মীদের জিপিএফ অ্যাকাউন্ট থেকে লক্ষ লক্ষ টাকা তুলে নেওয়ার অভিযোগ উঠেছে ওই স্বাস্থ্য কেন্দ্রের অ্যাকাউন্টস বিভাগের এক কর্মীর বিরুদ্ধে । ওই ব্যক্তি বেশ কয়েকজন স্বাস্থ্য কর্মীর অ্যাকাউন্ট হ্যাক করে কোটি টাকার বেশি তুলে নিয়েছেন বলে অভিযোগ। গত মার্চ মাসে পি এফ অ্যাকাউন্ট পরীক্ষা করতে গিয়ে কর্মীরা বিষয়টি জানতে পারেন। বিভাগীয় দপ্তরে জানানো সত্ত্বেও অভিযুক্ত গ্রেপ্তার না হওয়ায় হাসপাতালের মেডিক্যাল অফিসারকে ঘেরাও করে বিক্ষোভ দেখান স্বাস্থ্য কর্মীরা। সৌরভ পাত্র নামে একজনকে পুলিশ গ্রেপ্তার করেছে । ঘটনার তদন্ত শুরু হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ঐতিহ্য দিবস উদযাপিত হচ্ছে। প্রাচীন, ঐতিহাসিক, ও বিগত দিনের ঐতিহ্যবাহী স্থান, ভবন, স্মৃতি স্তম্ভ, কীর্তি স্তম্ভ, মিনার যা ঐতিহ্যের সাক্ষী বহন করে, সেই সম্পর্কে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি ভবিষ্যৎ প্রজন্মের জন্য হেরিটেজ সংরক্ষণ ও হেরিটেজ সম্পর্কে সচেতনতার প্রসার ঘটানোই দিনটি পালনের মূল লক্ষ্য।

উল্লেখ্য, ১৯৮৩ সালে UNESCO র সাধারণ সভায় ১৮ এপ্রিল , বিশ্ব হেরিটেজ দিবস হিসেবে পালনের কথা ঘোষণা করা হয়।

oooooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ভারতের স্বাধীনতা সংগ্রামী ও অগ্নিযুগের বিপ্লবী বারিন্দ্র কুমার ঘোষের ৬৮ তম প্রয়াণ দিবসে তাকে স্মরণ করা হচ্ছে। বিপ্লবী ঋষি অরবিন্দের ভ্রাতা বারীন ঘোষ দীর্ঘ ১১ বছর কারাবন্দি ছিলেন । মুক্তির পর যুগান্তর সাপ্তাহিক পত্রিকার প্রকাশনা শুরু করেন তিনি।

শিক্ষা ব্রতী ,সমাজ সংস্কারক হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও র আজ ২১৮ তম জন্মদিন। অসাধারণ প্রতিভার অধিকারী ডিরোজিও মাত্র ১৭ বছর বয়সে হিন্দু কলেজের শিক্ষক হিসেবে নিযুক্ত হন।ছাত্রদের নিয়ে গঠন করেন ইয়ং বেঙ্গল।

oooooooooooooooooooooo

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের গুপ্তিপাড়া ও অম্বিকা কালনা এবং Patuli ও পূর্বস্থলীর মধ্যে লেভেল ক্রসিং এর গেট এর পরিবর্তে লিমিটেড হাইট সাবওয়ে নির্মাণ কাজের জন্যে আজ ( 18.04.2026) ব্যান্ডেল - কাটোয়া শাখায় ৩৬০ মিনিট ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে।

এই কারণে আজ হাওড়া - কাটোয়া, ব্যান্ডেল - কাটোয়া, কাটোয়া - হাওড়া, ও কাটোয়া - হাওড়ার মধ্যে ৩ টি করে , শিয়ালদা - কাটোয়া, কাটোয়া - শিয়ালদা, ব্যান্ডেল - আজিমগঞ্জ, এবং আজিমগঞ্জ - ব্যান্ডেলের মধ্যে একটি করে ট্রেন বাতিল করা হয়েছে ।

এছাড়া মালদা টাউন - হাওড়া Intercity Express, ও হাওড়া - মালদা টাউন ইন্টারসিটি এক্সপ্রেস এর সময় সূচি পরিবর্তন করা হবে বলে রেল সূত্রের খবর।

oooooooooooooooooooooo

পশ্চিম ও উত্তর-পশ্চিমী শুষ্ক বায়ুপ্রবাহ এবং প্রখর রোদের কারণে আগামী ৫-৬ দিন দক্ষিণবঙ্গের জেলাগুলিতে গরম ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তাপমাত্রা তিন থেকে পাঁচ ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে। তবে

স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ তৈরি হয়ে আজ বীরভূম নদিয়া মুর্শিদাবাদ এবং পূর্ব-পশ্চিম বর্ধমান জেলায় হালকা বৃষ্টি হবার সম্ভাবনা রয়েছে।

এদিকে, উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo